গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
চান্দিনা, কুমিল্লা
e-mail: dwaochandina@gmail.com

**চান্দিনা উপজেলা বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির জুন ২০২৬ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : মোহাম্মদ আশরাফুল হক, উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা, কুমিল্লা।
সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম, চান্দিনা, কুমিল্লা।
তারিখ : ৩০.০৬.২০২৬ খ্রিঃ, সময় : বেলা ১২.৪০ মিনিট।

উপস্থিত ব্যক্তিবর্গের নাম ও পদবী : পরিশিষ্ট "ক"

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় এ উপজেলায় যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন কার্যক্রমের বর্ণনা দেন। তিনি আরও জানান উঠান বৈঠকের মাধ্যমে গ্রাম আদালত বিষয়ে সকলকে অবহিত করা হয় এবং প্রয়োজনে নিজ নিজ এলাকায় গ্রাম আদালতে গিয়ে স্বল্প খরচে সেবা নেওয়ার পরামর্শ প্রদান করেন। সভাপতি বলেন যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধে সবাইকে কার্যকর ভূমিকা রাখার পাশা-পাশি সরকারি বিভিন্ন সুবিধাসমূহ ব্যাপক প্রচারের আহবান জানান। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

২.০.যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধে গৃহীত উদ্বুদ্ধকরণ সভা সংক্রান্ত তথ্যাদি :

২.১. ইউনিয়ন পর্যায়ে যৌতুক নিরোধ কমিটির সভা সংক্রান্ত :

২.২.**আলোচনাঃ** কমিটির মাসিক সভায় প্রতি শুক্রবার জুমার খুতবার আগে ইমাম সাহেবগণ মাদক, বাল্য বিবাহ ও যৌতুক নিরোধ বিষয়ে বক্তব্য প্রদান করার গ্রাম্য আদালত কার্যক্রম পরিচালনা জোরদার করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২.৩. **সিদ্ধান্তঃ** জুমার খুতবার আগে ইমাম সাহেবগন স্ব-স্ব মসজিদে উক্ত বিষয়ে বক্তব্য প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৪.**আলোচনা :** সকল সরকারী কর্মকর্তা ও জনপ্রতিনিধি বিভিন্ন অনুষ্ঠানে বাল্য বিবাহ, যৌন হয়রানি, যৌতুক নিরোধ ও মাদক নিয়ন্ত্রণ বিষয়ে বক্তব্য প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়।

২.৫. **সিদ্ধান্তঃ** সকল সরকারী কর্মকর্তা ও জনপ্রতিনিধি উক্ত বিষয়ে বিভিন্ন অনুষ্ঠানে বক্তব্য প্রদান করবেন।

২.৬. **আলোচনাঃ** ইউনিয়ন পর্যায়ে যৌতুক নিরোধ কমিটির মাসিক সভা নিয়মিত করা এবং প্রতি মাসের ০২ তারিখের মধ্যে সভার কার্যবিবরণীসহ প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়।

২.৭.**সিদ্ধান্তঃ** ইউনিয়ন পর্যায়ে যৌতুক নিরোধ কমিটির মাসিক সভা নিয়মিত অনুষ্ঠান পূর্বক কার্যবিবরণী পরবর্তী মাসের ০২ তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

২.৮.**বাস্তবায়নে :** ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), চান্দিনা, কুমিল্লা।

**যৌতুক নিরোধ কার্যক্রম সংক্রান্ত প্রাপ্ত তথ্যঃ**

৩.০.**আলোচনাঃ** ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির মাধ্যমে বিশেষ করে মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসার ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের যৌতুক প্রথার ভয়ংকর দিকসমূহ সম্পর্কে সুস্পষ্টভাবে জানাতে হবে।

৩.২ **সিদ্ধান্ত :** ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের যৌতুক প্রথার ক্ষতিকর দিকসমূহ সম্পর্কে অবহিতকরণ পূর্বক যৌতুক বিরোধী প্রচারণা অব্যাহত রাখতে হবে।

৩.৩ **বাস্তবায়নে :** ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), চান্দিনা, কুমিল্লা।

৪.০ যৌতুক মুক্ত গ্রাম নির্বাচন :

| ক্রম নং | ইউনিয়নের নাম | গ্রামের নাম | খানার সংখ্যা | আগামী ৫ বছরের মধ্যে বিবাহযোগ্য ছেলে মেয়েদের সংখ্যা | | | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ছেলে | মেয়ে | মোট | যৌতুক দেব না, নেব না অঙ্গীকার নামায় স্বাক্ষর |
| ১ | বাতাঘাসী | বাতাঘাসী | ৭৮০ | ৮১৫ | ৮২০ | ১৬৩৫ | |

সভাপতি বলেন, ইউনিয়ন পর্যায়ে যে গ্রামকে যৌতুক মুক্ত গ্রাম হিসেবে চিহ্নিত করা হয়েছে সে গ্রামে গিয়ে আলোচনা ও মতবিনিময় সভা অব্যাহত রাখতে হবে। ইউনিয়ন পর্যায়ে আগামী ৫ বছরের মধ্যে বিবাহযোগ্য ছেলে মেয়েদের **"যৌতুক দিবনা যৌতুক নিব না"** শিরোনাম সংক্রান্ত অঙ্গীকার নামায় স্বাক্ষর গ্রহণ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।

৪.১.**সিদ্ধান্ত ঃ** আগামী ৫ বছরের মধ্যে বিবাহযোগ্য ছেলে মেয়েদের প্রাপ্ত তথ্য অনুযায়ী অঙ্গীকার নামায় স্বাক্ষর গ্রহণ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
৪.২.**বাস্তবায়নেঃ** ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, চান্দিনা, কুমিল্লা।

**৫.০ বাল্য বিবাহ সংক্রান্ত ঃ**

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | বাল্য বিবাহ প্রতিরোধ করা হয়েছে এমন বিবাহের সংখ্যা | বাল্য বিবাহ হতে পরিত্রাণ পেয়েছে এমন শিশুর ঠিকানা |
|---|---|---|---|
| চান্দিনা | বরকরই | ০১টি | নাম:-হাবিবা আক্তার, পিতা:-মো: রিপন মিয়া, মাতা:- নাছিমা বেগম, গ্রাম:ফতেহপুর, ওয়ার্ড নং-৫, বরকরই ইউনিয়ন, চান্দিনা, কুমিল্লা। তারিখ: ১৭/০৬/২০২৬খ্রি: |
| | | | |
| | | | |

**৫.১. আলোচনা ঃ** সভাপতি বাল্যবিবাহ নিরোধকল্পে সামাজিক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম জোরদার করতে হবে। সমাজে এই ঘৃণ্য প্রথার বিরুদ্ধে সকলকে সম্মিলিতভাবে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান।
৫.২.**সিদ্ধান্ত :** বাল্য বিবাহ প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
৫.৩. **বাস্তবায়নে :** ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), চান্দিনা, কুমিল্লা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৬/২০২৬

(মোহাম্মদ আশরাফুল হক )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা বাল্য বিবাহ ও যৌতুক প্রতিরোধ কমিটি
চান্দিনা, কুমিল্লা।

স্মারক নং- ৩২.০১.১৯২৭.০০০.০৬.০৬১ (অংশ-১).২৫-৩৫৩

তারিখঃ ৩০/০৬/২০২৬ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ
০১। জেলা প্রশাসক, কুমিল্লা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা, কুমিল্লা।
০৩। **উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা।**
০৪। উপজেলা ----------------------------------------অফিসার, চান্দিনা, কুমিল্লা।
০৫। সভাপতি, প্রাথমিক/ মাধ্যমিক শিক্ষক সমিতি, চান্দিনা, কুমিল্লা।
০৬। প্রতিনিধি, প্রেসক্লাব, চান্দিনা, কুমিল্লা।
০৭। চেয়ারম্যান, ....................................**ইউনিয়ন**, চান্দিনা, কুমিল্লা।
০৮। প্রতিনিধি, বেসরকারী সংস্থা, চান্দিনা, কুমিল্লা।
০৯। অফিস কপি ।

৩০/০৬/২০২৬

প্রতিভা রায়
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা বাল্যবিবাহ ও যৌতুক প্রতিরোধ কমিটি
চান্দিনা, কুমিল্লা